

রূপালী ব্যাংক লিমিটেড  
উন্নয়ন, পরিকল্পনা ও গবেষণা বিভাগ  
প্রধান কার্যালয়  
ঢাকা।

সকল শাখা/আঞ্চলিক কার্যালয়/  
স্থানীয় কার্যালয়/করপোরেট শাখা  
আরবিএইচআরডিসিসহ প্রধান কার্যালয়ের  
সকল বিভাগের প্রতি

সাকুলার নং : প্রকা/উন্নয়ন/২৪  
তারিখ : ০৪-১০-২০১১

**বিষয় : শ্রেণীকৃত ঋণ আদায় কার্যক্রম জোরদার এবং নতুন ঋণ প্রদান প্রসঙ্গে।**

বর্ণিত বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষণ পূর্বক উল্লেখ করা যাচ্ছে যে, বাংলাদেশ ব্যাংক ও রূপালী ব্যাংক লিমিটেড-এর মধ্যে সংশোধিত সমঝোতা স্মারক (MOU) ২০১১ বিগত ০৮-০৩-২০১১ তারিখে স্বাক্ষরিত হয়। উক্ত সমঝোতা স্মারকের ২ ও ৪ নং ধারায় অত্র ব্যাংকের ২০১১ সালে ঋণের প্রবৃদ্ধি (Trend of Credit Growth) ৩১-১২-২০১০ তারিখ ভিত্তিক ঋণ স্থিতির ১৫% এর মধ্যে সীমাবদ্ধ রাখার শর্তারোপ করা হয়।

বাংলাদেশ ব্যাংকের সাথে সম্পাদিত MOU অনুযায়ী ইতোমধ্যে ১৫% ঋণ প্রদানের লক্ষ্যমাত্রা অর্জিত হওয়ায় আদায়যোগ্য ও শ্রেণীকৃত ঋণ যে-পরিমাণ নগদে আদায় করে ঋণের স্থিতি কমানো যাবে কেবল ঐ পরিমাণ অর্থ নতুন ঋণ হিসেবে প্রদান করা যাবে। এ ক্ষেত্রে প্রফেশনাল লোন, স্টুডেন্ট লোন ও এসএমই ঋণের মধ্যে সহজ ও সুলভ ঋণকে অগ্রাধিকার দিতে হবে। সে-সাথে যথাযথ নিয়ম অনুসরণ করে ঋণ নবায়ন অব্যাহত থাকবে।

নতুন করে ব্যাংক একাউন্ট খোলা, আদায়যোগ্য ঋণ, শ্রেণীকৃত ও অবলোপনকৃত ঋণ আদায়ের উপর জোর তৎপরতা অব্যাহত রাখতে হবে। গ্রাহকদের সাথে নিয়মিত যোগাযোগের মাধ্যমে দ্বি-পাক্ষিক আলোচনা করে এবং মামলার কার্যক্রম নিবিড় তদারকি জোরদারকরণের মাধ্যমে সকলের সাথে সম্পর্ক বৃদ্ধি করে আদায়যোগ্য ঋণ ও শ্রেণীবিন্যাসিত ঋণ আদায়ের প্রচেষ্টা গ্রহণ করতে হবে। সম্প্রতি ব্যাংকে নিয়োগকৃত সংশ্লিষ্ট “রিকভারি স্পেশালিস্ট”-এর সঙ্গে সমন্বয় পূর্বক ঋণ আদায়ের পদক্ষেপ গ্রহণ করতে হবে। বিভিন্ন শাখায় রিট পিটিশন মামলাধীন ঋণ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ করতে হবে।

উপর্যুক্ত নির্দেশনা বাস্তবায়নে কোনোরূপ শৈথিল্য ব্যাংকের আচরণবিধি লংঘন বলে গণ্য হবে।

(আবু মোঃ ছায়েদুল ইসলাম)  
বিজনেস ডেভেলপমেন্ট স্পেশালিস্ট

(মোঃ ওয়াহিদুজ্জামান খন্দকার)  
মহাব্যবস্থাপক